

বুয়েট ছাত্রলীগ নেতাকে কোপাল শিবিরকর্মীরা

■ সমকাল প্রতিবেদক
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(বুয়েট) শাখা ছাত্রলীগের যুগ্ম
সাধারণ সম্পাদক শৈকত বড়ুয়াকে
শিবিরকর্মীরা ধারালো অস্ত্র দিয়ে
কুপিয়ে গুরুতর জখম করেছে।
গতকাল রাতে বিশ্ববিদ্যালয়ের
অডিটোরিয়ামের সামনে থেকে
অচেতন অবস্থায় তাকে উদ্ধার করে
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে
ভর্তি করা হয়েছে। সহপাঠীরা দাবি
করেছেন, ক্যাম্পাসের শিবিরকর্মী
মিরাজ সন্ধ্যায় তাকে মোবাইল ফোনে
হল থেকে ডেকে নিয়ে যায়।

শৈকতের বন্ধু এবং বিশ্ববিদ্যালয়
শাখা ছাত্রলীগের সহসভাপতি
তরিকুল ইসলাম দাবি করেছে মিরাজ
ও তার সহযোগীরা শৈকতকে কুপিয়ে
জখম করেছে। শৈকত ইলেকট্রিক্যাল
অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের
স্টার্টারের ছাত্র। তিনি এফআর বান
হলের চতুর্থ তলার থাকেন।